গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫।

পত্র সংখ্যা : বিইআরসি/জনসংযোগ/প্রশা:১১২/৩০৫৪ তারিখ ঃ ২৭ আগস্ট ২০১৫

প্রেস রিলিজ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার ১৮.১২% এবং পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) ৭০.৭৭% বৃদ্ধির জন্য যথাক্রমে ০২ অক্টোবর ২০১৪ ও ২৮ আগস্ট ২০১৪ তারিখে কমিশনে আবেদন করে। বিউবো কর্তৃক বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার ও পিজিসিবি কর্তৃক বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) বর্ণিত হারে বৃদ্ধির আবেদনের পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী হিসেবে বিউবো ১২ নভেম্বর ২০১৪, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) ০৯ নভেম্বর ২০১৪, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি) ১০ ডিসেম্বর ২০১৪, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) ২২ অক্টোবর ২০১৪ এবং ওয়েস্ট জোন পাওয়ার ডিস্টিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) ০৩ নভেম্বর ২০১৪ তারিখে বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের জন্য কমিশনে আবেদন করে। আবেদনে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ বিদ্যুৎ ক্রয় ব্যয়-হুইলিং চার্জসহ এবং বিতরণ ব্যয় (পরিচালন ব্যয়) সমন্বয়ের জন্য যথাক্রমে ২২.০০%, ২৫.৮৯%, ১৭.৮৫%, ১৭.৪৫% এবং ২১.৩১% হারে খুচরা বিদ্যুৎ মূল্যহার বৃদ্ধির প্রস্তাব করে।

কমিশন বিদ্যুৎ সংস্থা ও কোম্পানীসমূহের আবেদন পরীক্ষা নিরীক্ষান্তে ২০, ২১, ২২, ও ২৫ জানুয়ারি ২০১৫ তারিখে কমিশনে গণশুনানি গ্রহণ করে। শুনানি পরবর্তী stakeholder দের মতামত এবং গণশুনানিতে উঠে আসা প্রাসঙ্গিক বিষয়ে অতিরিক্ত তথ্য ও মতামত প্রাপ্তিতে এবং প্রাপ্ত মতামত ও তথ্য পর্যালোচনায় দীর্ঘ সময় প্রয়োজন হয়। মূল্যহার পরিবর্তনের ক্ষেত্রে সকল শ্রেণির ভোক্তার স্বার্থ, বিভিন্ন প্রতিষ্ঠানের উপর আর্থিক প্রভাব, পাইকারি (বাল্ক) পর্যায়ে বিউবো-কে সরকার কর্তৃক আর্থিক সহায়তা প্রদান, গরীব ও নিম্নবিত্তসহ সকল গ্রাহকের ওপর আর্থিক চাপ সৃষ্টি না হওয়া, সারাদেশে বিদ্যুতের অভিন্ন মূল্যহার এবং সর্বোপরি দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় রেখে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার ভারিত গড়ে ০.২৩ টাকা/কি.ও.ঘ., বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) ভারিত গড়ে ০.০৫ টাকা/কি.ও.ঘ., এবং বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার ও সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) বর্ণিত হারে পরিবর্তনের পরিপ্রেক্ষিতে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী/পবিস এর বিদ্যুতের খুচরা মূল্যহার ভারিত গড়ে ০.১৮ টাকা/কি.ও.ঘ. (২.৯৩%) বৃদ্ধি করা হয়েছে যা **বিল মাস সেপ্টেম্বর ২০১৫** থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কার্যকর হবে। মূল্যহার সংক্রান্ত গণবিজ্ঞপ্তি সংযুক্ত করা হলো। বিশেষভাবে উল্লেখ্য যে, লাইফ-লাইন (১-৫০ ইউনিট) গ্রাহকের বিদ্যুতের খুচরা মূল্যহার অপরিবর্তিত রাখা হয়েছে।

কমিশনের আদেশক্রমে,

২৭/৮/১৫

মোঃ হাবিবুর রহমান
সচিব
ফোনঃ ৯১৪ ০১২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

গণবিজ্ঞপ্তি

নং ঃ বিইআরসি/ট্যারিফ/বিএসটি-০৫/বিউবো/অংশ-০১/৩০৫৭ তারিখ ঃ ২৭ আগস্ট ২০১৫

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-বাপবিবো (তার আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতি-পবিসসমূহ) কে সরবরাহকৃত বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার বিল মাস সেপ্টেম্বর ২০১৫ থেকে নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো ঃ

ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	সংস্থাসমূহ	অনুমোদিত পাইকারি (বাল্ক) বিদ্যুৎ মূল্যহার টাকা/কি.ও.ঘ.
১	২	৩	৪
(১)	শ্রেণি : জি-১	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি) (ক) ১৩২ কেভি (খ) ৩৩ কেভি	 ৫.৬৮ ৫.৮৫
(২)	শ্রেণি : আই-১	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)/পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) (ক) ১৩২ কেভি (খ) ৩৩ কেভি	 ৪.১৭ ৪.২৩*
(৩)	শ্রেণি : আই-২	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) (ক) ১৩২ কেভি (খ) ৩৩ কেভি	 ৫.৬৮ ৫.৮৫
(৪)	শ্রেণি : আই-৩	ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) (ক) ১৩২ কেভি (খ) ৩৩ কেভি	 ৪.৫৮ ৪.৬৪

ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	সংস্থাসমূহ	অনুমোদিত পাইকারি (বাল্ক) বিদ্যুৎ মূল্যহার টাকা/কি.ও.ঘ.
১	২	৩	৪
(৫)	শ্রেণি : আই-৪	**বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এর বিতরণ অঞ্চলসমূহ** (ক) ২৩০ কেভি (খ) ১৩২ কেভি (গ) ৩৩ কেভি	 ৪.৯৮ ৫.০৬ ৫.১২

*গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে রেয়াতি মূল্যহার স্থির করা হয়েছে। বিউবো সকল পবিস-কে ধার্যকৃত এই পাইকারি মূল্যহারে বিল করবে। রেয়াতি সুবিধার বণ্টনের লক্ষ্যে পবিসসমূহের আর্থিক, ভৌগলিক ও অন্যান্য প্রেক্ষিত বিবেচনা করে কমিশন কর্তৃক নির্ধারিত/অনুমোদিত পদ্ধতি অনুসারে বাপবিবো সচ্ছল পবিস থেকে রেয়াতি মূল্যহার বাবদ অর্থ গ্রহণ করবে এবং প্রাপ্ত অর্থ অ-সচ্ছল পবিসসমূহের মধ্যে বণ্টন করবে।

২। সকল বিতরণ সংস্থা/কোম্পানী/পবিস এর জন্য ৩৩ কেভি লেভেলে পাইকারি (বাল্ক) মূল্যহার নির্ধারণের পাশাপাশি পূর্বের ধারাবাহিকতায় ১৩২ কেভি লেভেলে পাইকারি (বাল্ক) মূল্যহার প্রদর্শন করা হলো। তবে বিউবো এবং ডিপিডিসি ব্যতিত অন্যান্য বিতরণ সংস্থা/কোম্পানী/পবিস এর ক্ষেত্রে ১৩২ কেভি লেভেলের পাইকারি (বাল্ক) মূল্যহার কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

৩। পাইকারি বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে কমিশন কর্তৃক অনুমোদিত অন্যান্য বিদ্যমান শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

২৭/৮/১৫

মোঃ হাবিবুর রহমান
সচিব
ফোনঃ ৯১৪ ০১২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

গণবিজ্ঞপ্তি

নং ঃ বিইআরসি/ট্যারিফ/সঞ্চালন-০২/পিজিসিবি/৩০৫৮ তারিখ ঃ ২৭ আগস্ট ২০১৫

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-বাপবিবো (তার আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতি-পবিসসমূহ) কে সরবরাহকৃত বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) বিল মাস সেপ্টেম্বর ২০১৫ থেকে কার্যকর করে নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো ঃ

ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	সংস্থাসমূহ	অনুমোদিত বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার টাকা/কি.ও.ঘ.
১	২	৩	৪
(১)	শ্রেণি : জি-১	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি)	
		(ক) ১৩২ কেভি	০.২৭৬৮
		(খ) ৩৩ কেভি	০.২৭৯১
(২)	শ্রেণি : আই-১	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)/পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস)	
		(ক) ১৩২ কেভি	০.২৭৬৮
		(খ) ৩৩ কেভি	০.২৭৯১
(৩)	শ্রেণি : আই-২	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)	
		(ক) ১৩২ কেভি	০.২৭৬৮
		(খ) ৩৩ কেভি	০.২৭৯১
(৪)	শ্রেণি : আই-৩	ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো)	
		(ক) ১৩২ কেভি	০.২৭৬৮
		(খ) ৩৩ কেভি	০.২৭৯১

ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	সংস্থাসমূহ	অনুমোদিত বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার টাকা/কি.ও.ঘ.
১	২	৩	৪
(৫)	শ্রেণি : আই-৪	**বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এর বিতরণ অঞ্চলসমূহ** (ক) ২৩০ কেভি (খ) ১৩২ কেভি (গ) ৩৩ কেভি	 ০.২৭৪৪ ০.২৭৬৮ ০.২৭৯১

২। সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী/পবিস এর জন্য ৩৩ কেভি লেভেলে সঞ্চালন মূল্যহার নির্ধারণের পাশাপাশি পূর্বের ধারাবাহিকতায় ১৩২ কেভি লেভেলে সঞ্চালন মূল্যহার প্রদর্শন করা হলো। তবে বিউবো এবং ডিপিডিসি ব্যতিত অন্যান্য বিতরণ সংস্থা/কোম্পানী/পবিস এর ক্ষেত্রে ১৩২ কেভি লেভেলের সঞ্চালন মূল্যহার কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

৩। বিদ্যুৎ সঞ্চালনের ক্ষেত্রে কমিশন কর্তৃক অনুমোদিত অন্যান্য বিদ্যমান শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

২৭/৮/১৫

মোঃ হাবিবুর রহমান

সচিব

ফোনঃ ৯১৪ ০১২৫